তারিখ : 05 APR 2016
পৃষ্ঠা : 2 কলাম : 7

কালের কণ্ঠ

# চবিতে বহিষ্কৃতের দাপটে কোর্স পরীক্ষা স্থগিত

চবি প্রতিনিধি ▷

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চারুকলা ইনস্টিটিউটের এক বহিষ্কৃত শিক্ষার্থীর দাপটে পরীক্ষাগ্রহণ স্থগিত করেছে কর্তৃপক্ষ। নিজে পরীক্ষার অনুমতি না পেয়ে ছাত্রলীগকর্মী মোফাজ্জল হায়দার গতকাল সোমবার পরীক্ষাকক্ষে তালা ঝুলিয়ে দিয়েছে। ফলে কর্তৃপক্ষ দ্বিতীয় বর্ষের কোর্স পরীক্ষা স্থগিত রাখতে বাধ্য হয়েছে।

সূত্র জানিয়েছে, গত বছর ২ নভেম্বর ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষ চলাকালে বিশ্ববিদ্যালয়ের শাহজালাল হলের তৃতীয় তলার বারান্দায় মোফাজ্জল হায়দার ওরফে টাইগার মোফাকে রামদা ধার দিতে দেখা যায়। এ ছবি গণমাধ্যমে প্রকাশ পেলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুজন শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কার করে। এ সিদ্ধান্ত বহাল থাকা অবস্থায়ই গতকাল ছিল দ্বিতীয় বর্ষের ২০১ নম্বর কোর্সের পরীক্ষা। এ পরীক্ষায় অংশ নেওয়ার অনুমতি না পেয়ে সকাল ৯টার দিকে দলবল নিয়ে মোফা উপস্থিত হয় এবং সব পরীক্ষাকক্ষে তালা ঝুলিয়ে দেয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আলী আজগর চৌধুরী বিষয়টি অবহিত হয়ে পরীক্ষা স্থগিতের নির্দেশ দেন।